**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**26 June 2025** **7:45 PM IST**

==========================================================================

১) ভারতীয় মহাকাশচারী শুভাংশু শুক্লা সহ ৪ জনের আর্ন্তজাতিক মহাকাশ কেন্দ্রে সফল প্রবেশ ।

২) আবহাওয়া অনুকূল থাকলে আগামী সোমবারের মধ্যে জাটিঙ্গা - লামপুর অংশের মেরামতির কাজ সম্পূর্ণ করে রেল সেবা পুনরায় চালু হওয়ার সম্ভাবনা ।

৩) রাজ্যের বিভিন্ন প্রান্তে আর্ন্তজাতিক মাদক দ্রব্যের অপব্যবহার এবং অবৈধ সরবরাহ বিরোধী দিবস উদযাপন । বরাক উপত্যকায়ও এই দিবস পালিত ।

৪) শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে অম্বুবাচী মহাযোগের আজ ভোর রাত ৩টা ২৭ মিনিটে নিবৃত্তি । মন্দিরের মূল দ্বার ভক্তদের জন্য পুনরায় খোলা/

---

ভারতীয় মহাকাশচারী শুভাংশু শুক্লা এবং অন্য তিনজন মহাকাশচারীকে নিয়ে এক্সিয়ম - ফোর মহাকাশ যানটি ২৮ ঘন্টা মহাকাশ ভ্রমণের পর আজ

বিকেল ৪টায় আর্ন্তজাতিক মহাকাশ কেন্দ্রে সফলতার সঙ্গে প্রবেশ করেছে । এর সঙ্গে সঙ্গে ৪১ বছর পর ভারতীয় দ্বিতীয় মহাকাশচারী মহাকাশে পৌছার ইতিহাস সৃষ্টি করেন । ১৯শো ৪৮ সালে রাকেশ শর্মার পর লক্ষ্ণৌতে জন্মগ্রহণ করা শুভাংশু শুক্লা রাকেশ শর্মার পর মহাকাশে যাওয়া দ্বিতীয় ভারতীয় হিসেবে পরিগণিত হলেন । এই অভিযানে গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লার সঙ্গে আমেরিকা , পোল্যান্ড এবং হাঙ্গেরীর এজন করে মহাকাশচারী রয়েছেন । এই চারজন মহাকাশচারী স্পেস ষ্টেশনে ১৪ দিন অতিবাহিত করে মোট ৬০টি বৈজ্ঞানিক পরীক্ষা সম্পন্ন করবেন । স্পেস ষ্টেশন থেকে শুভাংশু শুক্লা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে কথা বলবেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে জাটিঙ্গা এবং লামপুরের মধ্যের ভূমিধ্বস হওয়া রেলপথ থেকে পাথর ও মাটির চাঁই, আবর্জনা ইত্যাদি সরানোর কাজ যুদ্ধকালীন তৎপরতায় চলছে । ভূমিধ্বস হওয়া অঞ্চল ঘুরে এসে আমাদের আকাশবাণী সংবাদদাতা জানিয়েছেন যে- বর্তমানে ১৫টি এক্সকেভেটর এবং দুশো'র বেশি শ্রমিক রেলপথটি চলাচলের উপযোগী করে তোলার জন্য দিনে রাত্রে কাজ করে চলেছে । উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব আজ ভূমিধ্বস হওয়া অঞ্চলটি পরিদর্শন করে রেলপথটি সংস্কারের কাজের খোঁজখবর নেন । তিনি জানান যে- আবহাওয়া অনুকূল হলে আগামী সোমবারের মধ্যে এই রেলপথে আংশিকভাবে ট্রেন চলাচল পুনরায় আরম্ভ করার সম্ভাবনা রয়েছে । তবে ভূমিধ্বস সম্পূর্ণরূপে সরিয়ে ফেলে চারদিকের গার্ডওয়াল ইত্যাদি মেরামতের জন্য প্রায় একমাস সময় লাগবে । পরিদর্শনের সময় শ্রী শ্রীবাস্তব জানান- হোজাই-লংকার থেকে শিলচরের কাছে ময়নারবন্দ পর্যন্ত ১৬০ কিলোমিটার দৈর্ঘ্যের নতুন রেলপথ নির্মাণের জন্য জরীপের কাজ চলছে ।এই প্রকল্পের জন্য ৩০ হাজার কোটি টাকা ব্যয় হবে বলে জানিয়ে তিনি বলেন- শীঘ্রই

এই প্রকল্পের জন্য নির্ধারিত অর্থ অনুমোদন করা হবে এবং আগামী পাঁচ বছরের মধ্যে রেলপথটি নির্মাণের কাজ সম্পূর্ণ হয়ে যাবে বলে তিনি আশ্বাস দিয়েছেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে ডিব্রুগড়-নিউ দিল্লী রাজধানী এক্সপ্রেসের বৈদ্যুতিক ট্র্যাকশন চালু হয়েছে । সীমান্ত রেল সূত্রে আরো জানানো হয়েছে যে বাকী থাকা সেকশনগুলিতে বিশেষ করে ডিব্রুগড়-তিনসুকিয়া - লামডিং-গুয়াহাটী রুটে সম্প্রতি বৈদ্যুতিকরনের কাজ সম্পন্ন হওয়ার পর সর্ম্পূন বৈদ্যুতিকৃত যাত্রা সম্ভব হয়েছে ।

---

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে এই পর্যন্ত এক লক্ষেরও বেশি আবেদন জমা পড়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যম যোগে জানিয়েছেন । ডঃ শর্মা আরো বলেন যে-আবেদনকারীদের মধ্যে ৮১ হাজারেরও বেশি যুবক যুবতীর সাক্ষাৎকার ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে ।

---

**কেন্দ্রীয়** জল শক্তি মন্ত্রী সি আর পাটিল বলেছেন যে কেন্দ্রীয় সরকার ১৫ কোটির অধিক লোককে পাইপের মাধ্যমে পানীয় জল সরবরাহ করেছে । তিনি জানান যে ২ হাজার ২৮ সালের মধ্যে বাকি থাকা ৪ কোটি পরিবারকে পাইপের মাধ্যমে পানীয় জল সরবরাহ করার ব্যবস্থা করা হবে । নতুন দিল্লীতে আজ সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় শ্রী পাটিল বলেন যে জল জীবন অভিযানের অধীনে সরকার প্রত্যেকটি পরিবারকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করেছে । তিনি আরো বলেন যে

বিশ্ব স্বাস্থ্যের ধারণা অনুসারে বিশুদ্ধ পানীয় জল সেবনের মাধ্যমে প্রত্যেক বছর ডায়েরিয়া সদৃশ্য রোগে মৃত্যুর মুখে পতিত ৪ লক্ষ মানুষকে সুস্থ করে তুলা সম্ভব ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ আর্ন্তজাতিক মাদকদ্রব্যের অপব্যবহার এবং অবৈধ সরবরাহ বিরোধী দিবসের সঙ্গে সঙ্গতি রেখে নানা কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে । মাদকদ্রব্যের অপব্যবহার ক্রমান্বয়ে বিশ্বব্যাপী প্রত্যাহ্বানে পরিণত হয়েছে । মাদকদ্রব্য মুক্ত একটি সমাজ গড়ার লক্ষ্যে গ্রহণ করা কার্যব্যবস্থাকে আরো শক্তিশালী করার উদ্দেশ্যে এই দিবস উদযাপন করা হয়েছে । এ বছরের এই দিবসের বিষয়বস্তু হচ্ছে- ‘সংক্রমণের অবসান : সকলের জন্য প্রতিরোধ, চিকিৎসা এবং নিরাময় ।’ রাজ্যের জেলায় জেলায় আজ এই দিবস পালনের অঙ্গ হিসেবে নেশাযুক্ত সামগ্রী পোড়ানো, শোভাযাত্রা, কলেজ-বিশ্ববিদ্যালয়ে সচেতনতা সভা ইত্যাদি । উল্লেখ্য- রাজ্যে সাম্প্রতিক সময়ে সিরিঞ্জের দ্বারা মাদক দ্রব্য গ্রহণের ফলে এইচ আই ভি সংক্রমণ বৃদ্ধি পেয়েছে বলে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে । আসামের ন’টি জেলা হাসপাতাল সহ গুয়াহাটি কেন্দ্রীয় কারাগারে এইচ আই ভি’র পরীক্ষার ব্যবস্থা রয়েছে । স্মরণ করা যেতে পারে যে- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ব্যুরো গত বারোই জুন থেকে এপর্যন্ত ‘নেশামুক্ত ভারত পক্ষ’ উদযাপন করে আসছে ।  চলতি বছরের জুন মাস পর্যন্ত নেশামুক্ত ভারত অভিযানের মাধ্যমে ১৫ কোটি ৭৮ লক্ষেরও বেশি লোককে মাদক দ্রব্য সেবনের ভয়াবহতার বিষয়ে সচেতন করা হয়েছে ।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলা প্রশাসন সহ বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকেও আজ আর্ন্তজাতিক মাদক দ্রব্য বিরোধী এবং অবৈধ সরবরাহ বিরোধী দিবস পালন করা হয়েছে ।

বরাক নাগরিক সংসদের উদ্যোগে আজ শিলচর প্রেস ক্লাবে- 'নেশাশক্তির শৃংখল ভাঙ্গতে চাই প্রতিরোধ , চিকিৎসা এবং আরোগ্য' শীর্ষক বিষয়ের উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া সাংবাদিক-লেখক-সমাজ চিন্তক রবিজিৎ চৌধুরীর ৩০তম প্রয়ান বার্ষিকী উপলক্ষ্যে স্মৃতিচারন এবং সাংবাদিকতা পুরষ্কার প্রদান করা হয় । বাবলু রাজভর ও দেবব্রত দাসকে এবছরের রবিজিৎ চৌধুরী স্মারক সাংবাদিকতা পুরষ্কার দেওয়া হয়েছে ।

---

শ্রীভূমি জেলা সমাজ কল্যাণ বিভাগের উদ্যোগে আজ আর্ন্তজাতিক মাদক দ্রব্য বিরোধী এবং অবৈধ শিশু পাচার বিরোধী দিবস জেলার বেরাজাল নেশা মুক্তি ও পুর্নবাসন কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে । এদিকে শ্রীভূমি শহরের পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে জেলা সমাজ কল্যান বিভাগের সহযোগীতায় আয়োজিত অনুষ্ঠানে মাদকের অপব্যবহার সর্ম্পকে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ছাত্র-ছাত্রীরা মাদকমুক্ত ভারতের জন্য শপথ গ্রহন করে । অনুষ্ঠানে কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ মহেন্দ্র সিং , শিক্ষক-শিক্ষিকা সহ মান্ডলিক মাদক নিবারনী সংগঠক কামাল উদ্দিন প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে মাদক দ্রব্যের কুফল সর্ম্পকে সচেতনতার বার্তা ছড়িয়ে দিতে আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক মাদক দ্রব্য বিরোধী এবং অবৈধ শিশু পাচার বিরোধী দিবস পালন করা

হয়েছে । এ উপলক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে হাইলাকান্দি শহরে একটি পদযাত্রার আয়োজন করা হয়েছে । পদযাত্রাটি জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গন থেকে আরম্ভ হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে । এছাড়া আজ আর্ন্তজাতিক মাদক দ্রব্য বিরোধী এবং অবৈধ শিশু পাচার বিরোধী দিবস পালনের অঙ্গ হিসেবে জেলা সব শিক্ষা প্রতিষ্ঠান , উন্নয়ন খন্ড কার্য্যলয় , সমাজ কল্যান বিভাগের অধীন কার্যালয় এবং স্বাস্থ্য বিভাগের অধীন কার্যালয়গুলিতে এই উপলক্ষ্যে শোভাযাত্রা বের করা হয় এবং শপথ গ্রহন করা হয়েছে ।

---

গৌহাটি নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে অম্বুবাচী মহাযোগ আজ ভোর রাত ৩টা ২৭ মিনিটে নিবৃত্তি হয়েছে । আম্বুবাচী নিবৃত্তির পর দেবীস্নান তথা নিত্য পূজার পর মন্দিরের মূল দ্বার ভক্তদের জন্য পুনরায় খুলে দেওয়া হয় । গতকাল থেকে লম্বালাইনে দাড়িয়ে থাকা হাজার হাজার ভক্ত দলের ইতিমধ্যেই মা কামাখ্যা দর্শনের প্রক্রিয়া আরম্ভ হয়েছে । মন্দিরের প্রবেশ করার জন্য পরবর্তী দুদিন অর্থাৎ আজ এবং আগামীকাল ভি আই পি পাস প্রদানের ব্যবস্থা বন্ধ থাকা ছাড়াও বিশেষ টিকিটের ব্যবস্থাও থাকবে না । সাধারণ ভক্তদের দেবী দর্শনের সুবিধার প্রতি লক্ষ্য রেখে প্রশাসন এবং মন্দির কর্তৃপক্ষ এই পদক্ষেপ গ্রহণ করেছে ।

---

কার্বি-আং-লং স্বশাসিত জেলা পরিষদ ঐ জেলায় পরম্পরাগত বিচার পদ্ধতি সুষ্ঠুভাবে প্রবর্তনের জন্য ২০০০ সালের স্বশাসিত পরিষদ আইনটি কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে। আজ ডিফু’তে পরিষদের অধিবেশন কক্ষে অনুষ্ঠিত ২৫১তম অধিবেশনে রাজ্যপালের অনুমোদন জানানো স্বশাসিত পরিষদ বিলের চার নম্বর প্রস্তাব কার্যকর করার বিষয়ে সবুজ সংকেত

দেওয়া হয়েছে । পরিষদের অধ্যক্ষ রাজু টিশো’র পৌরহিত্যে আজ অনুষ্ঠিত অধিবেশনে মুখ্য কার্যবাহী সদস্য তুলিরাম রংহাঙের দাখিল করা ২০২৫-২৬ অর্থবছরের অতিরিক্ত ব্যয়মঞ্জুরী সভায় গৃহীত হয়েছে ।